বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, প্রশাসন বিভাগ, কুর্মিটোলা
বোর্ড ও সমন্বয় শাখা
www.caab.gov.bd

বিষয়: বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি। |
| সভার স্থান | : | সদর দপ্তর সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ | : | ২০/১২/২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |

- সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত। এছাড়া বিমানবন্দর পরিচালকগণ/ব্যবস্থাপকগণ অনলাইনে (Zoom) এর মাধ্যমে যুক্ত হন।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে পরিচালক (প্রশাসন) সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিষয়গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | কোনো সংশোধনী না থাকায় নভেম্বর/২০২৩ মাসের কার্যবিবরণী অনুমোদন করা হলো। | | পরিচালক (প্রশাসন) |
| ২. | শূন্য পদ পূরণ | পরিচালক (প্রশাসন) জানান যে, কর্তৃপক্ষের প্রবিধানমালা-২০২১ অনুযায়ী দ্বিতীয় ধাপের নিয়োগ কার্যক্রম চলমান। ৯১ ক্যাটাগরির ৯২৪টি পদের বিপরীতে মোট ১৯৭৯৫৯ (এক লক্ষ সাতানব্বই হাজার নয়শত উনষাট) জন প্রার্থীর আবেদন পাওয়া যায়। গত ২৮/০৭/২০২৩ হতে ১৭/১১/২০২৩ পর্যন্ত মোট ০৪ দিনে ০৮ ক্যাটাগরীর ২১৪টি শূন্য পদে ৩০,৫৮৪ জন প্রার্থীর MCQ পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং একই দিনই উত্তরপত্র মূল্যায়ন শেষে ফলাফল প্রকাশ করা হয়। বর্তমানে জাতীয় সংসদ নির্বাচন ও বিবিধ কারণে MCQ পরীক্ষা কার্যক্রম সাময়িক স্থগিত আছে। কেন্দ্র প্রাপ্তি সাপেক্ষে ও দেশে বিদ্যমান পরিস্থিতি স্বাভাবিক থাকলে আগামী জানুয়ারি/২০২৪ হতে অবশিষ্ট পদ গুলোর MCQ পরীক্ষা গ্রহণ করা হবে। তবে, MCQ পরীক্ষায় উত্তীর্ণ (এটিএম/এটিএম:এটিসিও) ৩৩টি শূন্য পদের বিপরীতে ৭৮৫ জন প্রার্থীর লিখিত পরীক্ষা, সহকারী প্রকৌশলী (সিভিল) ০৪টি শূন্য পদের বিপরীতে ৮০ জন প্রার্থীর লিখিত পরীক্ষা ও সহকারী প্রকৌশলী (ই/এম) ০৬টি শূন্য পদের বিপরীতে ১৩৫ জন মোট ০৩টি পদে ১,০০০ জন পরীক্ষার্থীর লিখিত পরীক্ষা আগামী ৩০/১২/২০২৩ তারিখ গ্রহণের দিন ধার্য আছে। | নিয়োগ বিধিমালা-২০২১ অনুযায়ী শূন্য পদ পূরণের জন্য উপযুক্ত সময় ও তারিখে পরীক্ষা কেন্দ্র প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ পরীক্ষার সময়সূচি নির্ধারণ করতে হবে। | পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ) |
| ৩. | ওয়েবসাইট উন্নয়ন | ক) পরিচালক (সিএনএস) জানান যে, বিভিন্ন পয়েন্টে রবি'র নেটওয়ার্ক উন্নয়ন কার্যক্রম চলমান। এয়ারপোর্ট এরিয়ায় নেটওয়ার্কজনিত সমস্যা সমাধানের নিমিত্ত কুর্মিটোলা আ/এ এইচ-৬ বিল্ডিং এর ছাদে রবি'র মোবাইল টাওয়ার চালু হয়েছে। এবং বলাকা ভবনের ছাদে এন্টেনা স্থাপনের লক্ষ্যে বিমানের সাথে রবি'র চুক্তি চূড়ান্ত পর্যায় আছে। চুক্তি সম্পাদনের পর টাওয়ার নির্মাণের কাজ শুরু হবে। এছাড়া, কাওলার আ/এ এইচ-৭ বিল্ডিং এর ছাদে GP এর মোবাইল টাওয়ার স্থাপনের কার্যক্রম চলমান।<br><br>খ) পরিচালক (সিএনএস) জানান যে, T3 এর ০২টি স্থানে মোবাইল নেটওয়ার্ক ওয়ারিং কাজ শেষ হয়েছে। আরও ১০টি স্থানে নেটওয়ার্ক ওয়ারিং এর কাজ করতে হবে। যা অনুমোদনের | ক) রবি'র নিকট হতে নেয়া কর্পোরেট সিম ব্যবহারে যেন কোন সমস্যা না হয় সে জন্য রবি'র সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) থার্ড টার্মিনাল বিল্ডিং এর কনস্ট্রাকশন কাজ শেষ | (খ) সদস্য (এটিএম)/ পরিচালক (সিএনএস)<br><br>গ) সদস্য (এটিএম)/ নির্বাহী পরিচালক (হশাআবি)/ পরিচালক (সিএনএস) |

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>অপেক্ষায় আছে। ভেন্ডার প্রতিষ্ঠান অর্থাৎ ৩য় পক্ষ হতে নতুন করে পত্র পাওয়া গেছে। তারাও নেটওয়ার্কের কাজ করতে চায়। সভাপতি জানান যে, বিটিআরসি এর নিয়মের আওতায় মোবাইল নেটওয়ার্ক ওয়ারিং কাজ শেষ করতে হবে। তৃতীয় পক্ষের এখানে কাজ করার সুযোগ নেই।</td><td>হওয়ার পূর্বেই মোবাইল নেটওয়ার্ক কার্যক্রমের ওয়ারিং স্থাপন শেষ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৪.</td><td>প্রশিক্ষণ</td><td>পরিচালক (সিএএ) জানান যে, Course Plan অনুযায়ী সিএএ'র প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। অনেক সময় Internet Speed স্লো থাকায় নিরবচ্ছিন্ন ভাবে প্রশিক্ষণ প্রদান করতে সমস্যা হয়। সভায় আলোচনা হয় যে, ইন্টারনেট এর গতি স্লো মনে হলে বিভিন্ন মোবাইল অপারেটর এর মডেম ব্যবহার করা যেতে পারে।<br><br>খ) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি) জানান যে, Schedule অনুসারে Basic Office Management, Foundation Course এবং ATM বিভাগের বিষয়ভিত্তিক Basic ATC Course করানো হচ্ছে। যার আপডেট তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়। আগামী মাসে নতুন আপডেট তথ্য দেওয়া হবে। তিনি আরও জানান যে, safety academy বুঝে নেওয়া হয়েছে। কার্যকরিভাবে পরিচালনার নিমিত্ত safety academy-তে ADC তে কর্মরত ০২ জন ইনস্ট্রাকটর-কে অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত করা প্রয়োজন। এছাড়া, safety academy কর্তৃক প্রদানকৃত বিভিন্ন ট্রেনিং এর সিলেবাস, কারিকুলাম ও ম্যাটেরিয়ালের সফট কপি ও হার্ডকপি সিভিল এভিয়েশন একাডেমিকে হস্তান্তর করতে হবে। safety academy ভবন ও স্থাপনা এবং যন্ত্রপাতির নিরাপত্তার জন্য সার্বক্ষণিক নিরাপত্তা কর্মি নিযুক্ত করা প্রয়োজন। safety academy তে প্রশিক্ষক, প্রশিক্ষণার্থী ও অন্যান্য অফিসার এবং কর্মচারীদের আসা- যাওয়ার জন্য সার্বক্ষণিক ০৩টি মাইক্রোবাস প্রদান করা আবশ্যক। safety academy –এর ০৪টি কক্ষকে ক্লাসরুমে রূপান্তরের নিমিত্ত প্রয়োজনীয় আসবাবপত্র ও মালটিমিডিয়া ইকুপমেন্ট ইত্যাদি যাবতীয় সুবিধাদি সংযোজন করা প্রয়োজন। safety academy –এর প্রশিক্ষণ কার্যক্রম সম্পাদনের জন্য জনবলের পরিমাণ বৃদ্ধি করা আবশ্যক। সভাপতি জানান যে, ট্রান্সপোর্টের বিষয়ে পরিচালক (প্রশাসন) এর সাথে সমন্বয় করে সমাধান করতে হবে। এছাড়া, অন্যান্য বিষয় সংশ্লিষ্টদের সাথে সমন্বয় করতে হবে।<br><br>গ) APA এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়মিত বিভিন্ন মেয়াদে On the Job Training করানো হয়। তছাড়া, অন্যান্য বিমানবন্দরেও OJT কার্যক্রম চালু আছে। APA- তে বর্ণিত লক্ষ্যমাত্রা অনুসারে প্রতিমাসে ১০০ জন কর্মকর্তা/কর্মচারীকে সদর দপ্তরে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান করা হয়।</td><td>ক) অনুমোদিত Course Plan অনুযায়ী একাডেমির প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।<br><br>খ) বার্ষিক কর্মপরিকল্পনা ও চাহিদা অনুযায়ী মাসভিত্তিক প্রশিক্ষণের তথ্য প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। একাডেমির যানবাহন সুবিধার বিষয়ে পরিচালক (প্রশাসন) এর সাথে আলোচনা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>গ) APA এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া, সকল বিমানবন্দরে নিয়মিত On the Job Training-এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এর তথ্য প্রতি মাসের ১-৩ তারিখের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক সদর দপ্তরের প্রশাসন বিভাগে আবশ্যিক ভাবে প্রেরণ করতে হবে।<br><table><tr><th>দপ্তর/ ইউনিটের নাম</th><th>প্রশিক্ষণের বিষয়বস্তু</th><th>প্রশিক্ষণের সময়কাল</th><th>প্রশিক্ষণে উপস্থিতির সংখ্যা</th></tr><tr><td></td><td></td><td></td><td></td></tr></table></td><td>ক) পরিচালক (সিএএ)<br><br>(খ) নির্বাহী পরিচালক (হশাআবি)/ নির্বাহী পরিচালক (সেমস্)/ পরিচালক (সকল)/ পরিচালক (সিএএ)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)<br><br>(গ) পরিচালক (সিএএ)</td></tr>
<tr><td>৫.</td><td>বেবিচকের কোর্ট মামলা নিষ্পত্তি</td><td>ক) প্রশাসনিক মন্ত্রণালয়ে 'ছক' মোতাবেক তথ্য প্রেরণ অব্যাহত আছে। নভেম্বর/২০২৩ মাসের কোর্ট মামলার বিবরণী:<br><table><tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr><tr><td>অক্টোবর/২৩ মাসের জের</td><td>২৯৮টি</td><td>--</td></tr><tr><td>নভেম্বর/২৩ মাসে দায়ের</td><td>০১টি</td><td>এটি মামলা নং-৪৪৫/২০২৩</td></tr><tr><td>মোট মামলা</td><td>২৯৯টি</td><td>--</td></tr></table></td><td>ক) নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।</td><td>(ক+খ+গ) সহকারী পরিচালক (আইন)</td></tr>
</table>

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নভেম্বর/২৩ মাসে নিষ্পত্তি — ০৩টি — এ.এটি মামলা নং-১০১/২০১৯, এ, টি (বাস্তবায়ন) নং-১০/২০২১, রিট পিটিশন নং- ২৬০০/২৩<br>মাস শেষে অনিষ্পন্ন — ২৯৬টি — --<br>মামলার রায় বিপক্ষে যাওয়ার কারণ — -- — নভেম্বর/২০২৩ মাসে কোন মামলার রায় বেবিচকের বিপক্ষে যায়নি।<br>আপিল করা হয়েছে কিনা — -- — যেহেতু কোন মামলার রায়/আদেশ বেবিচকের বিপক্ষে যায়নি সেহেতু আপিল করার প্রয়োজন হয়নি।<br>খ) মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবীদের মতামতের উপর ভিত্তি করে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। সভাপতি জানান যে, মামলাগুলো মনিটরিং করা দরকার তা না হলে কর্তৃপক্ষ embarrassed হবে। এ কাজের জন্য ইন্টার্ন নিয়োগ করতে হবে। ভুয়া সনদ দিয়ে পাইলটের লাইসেন্স গ্রহণকারীর বিরুদ্ধে আলোচনা মোতাবেক নির্ধারিত বাদী কর্তৃক অনতি বিলম্বে মামলা দায়ের করতে হবে।<br>গ) কর্তৃপক্ষের বিপক্ষে যাওয়া মামলাগুলোর রায়ের কপি পাওয়ার পর সিএএবি-এর প্যানেল আইনজীবিদের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আপিল করা হচ্ছে। | খ) মামলা সংক্রান্ত বিষয়ে বিজ্ঞ আইনজীবীদের মতামত ও মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা করে নিষ্পত্তির ব্যবস্হা করতে হবে। ভুয়া সনদ দিয়ে পাইলটের লাইসেন্স গ্রহণকারীর বিরুদ্ধে মামলা দায়ের করতে হবে।<br>গ) সিএএবি এর বিপক্ষে যাওয়া মামলাগুলোর রায়ের সার্টিফাইড কপি পাওয়ার পর নির্ধারিত সময়সীমার মধ্যে আপিল করতে হবে। | |
| ৬. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) | ক) বার্ষিক কর্মসম্পাদন ২০২৩-২৪ এর APA লক্ষ্যমাত্রা অর্জনে কর্তৃপক্ষ সচেষ্ট আছে। APA এর প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন এপিএএমএস সফটওয়্যারে আপলোড করা হয়েছে। সভায় জানানো হয় যে, এখন থেকে ২০২৪-২৫ অর্থ বছরের APA করার সময় সংশ্লিষ্ট বিভাগের সাথে সমন্বয় করে কাজের নাম APA তে অন্তর্ভুক্ত করতে হবে।<br>খ) প্রতি মাসে APA টিমের সভা আয়োজনের মাধ্যমে APA -তে অন্তর্ভুক্ত কার্যসমূহের মনিটরিং অব্যাহত রয়েছে। | ক) APA-তে ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বোচ্চ উদ্যোগ বজায় রাখতে হবে।<br>খ) প্রতি মাসে এপিএ টিমের সভা আয়োজনের ব্যবস্হা নিতে হবে। | (ক+খ) পরিচালক (সকল)/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ এপিএ টিম প্রধান/ ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৭. | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ক) ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন সফটওয়্যারে আপলোড করা হয়েছে।<br>খ) ১৬/০৯/২০২৩ তারিখ মাননীয় চেয়ারম্যান মহোদয় কর্তৃক পার্কটি প্রাথমিকভাবে চালু করা হয়। সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষনের জন্য একটি ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োজিত করার কার্যক্রম চলমান। | (ক) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) কাওলার আবাসিক এলাকায় নবনির্মিত বিনোদন পার্কের কাজ দ্রুত শেষ করে পূর্ণাঙ্গভাবে পার্কটি চালু করতে হবে। | (ক) পরিচালক (প্রশাসন)<br>(খ) প্রধান প্রকৌশলী/ পরিচালক (প্রশাসন) |
| ৮. | সিএএবি'র নাগরিক সেবায় উদ্ভাবনীমূলক কার্যক্রম ও ই-সার্ভিস বাস্তবায়ন কাজের অগ্রগতি | বেবিচক-এর ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত আছে। ইনোভেশন কাজের অংশ হিসেবে "পূর্ত ও ই/এম কাজের ঠিকাদারী লাইসেন্স প্রদান এবং লাইসেন্স নবায়ন" শীর্ষক সেবাটি ডিজিটালাইজেশন করার উদ্যোগ নেয়া হয়েছে-যার কাজ চলমান। এছাড়া, ইনোভেশন কাজে অংশ হিসেবে গত ১২/১২/২০২৩ তারিখে দিনব্যপি "Strategizing the Future Airport: Navigating Smart Transformation in Aviation" শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা হয়। | ইনোভেশন টিমের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | সদস্য (প্রশাসন)/ পরিচালক (সিএএ)/উপ-পরিচালক (প্রশাসন) |
| ৯. | অভিযোগ ও গণশুনানী | ক) অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির মাসিক প্রতিবেদন স্মারক নং: ৩০.৩১. ০০০০.২১১.৩১.০১০.২২.২৭৬৯, তারিখ: ০৪-১২-২০২৩ এর মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>খ) গত ২৫/০৬/২০২৩ তারিখ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে গণশুনানী ও যাত্রী সেবা মান উন্নয়নের নিমিত্ত ১৯/০৯/২০২৩ তারিখ স্টেক হোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়েছে। | ক) নির্ধারিত ছক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br>খ) প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি স্টেকহোল্ডার সভা ও ১টি গণশুনানীর আয়োজন করতে | (ক+খ) নির্বাহী পরিচালক (হশাআবি)/ পরিচালক (প্রশাসন)/ পরিচালক(শাহ আমানত আন্তঃ বিমানবন্দর/ |

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>এছাড়া, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে ২৪/০৯/২০২৩ তারিখ স্টেকহোল্ডারদের সভা ও ১০/০৯/২০২৩ তারিখ গণশুনানী অনুষ্ঠিত হয়েছে এবং ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট এ গত ২৬/০৯/২০২৩ তারিখ গণশুনানী ও ১৩/০৯/২০২৩ তারিখ স্টেকহোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়। এছাড়া, কক্সবাজার বিমানবন্দরে ৩১/১০/২০২৩ তারিখ স্টেকহোল্ডারদের সভা অনুষ্ঠিত হয়েছে।</td><td>হবে। গণশুনানী নির্ধারিত 'ছক' অনুযায়ী প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>পরিচালক (ওসমানী আন্ত বিমানবন্দর)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)</td></tr>
<tr><td>১০.</td><td>বিভাগীয় মামলা</td><td>ক) অনিষ্পন্ন মামলাসমুহ দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে এবং নির্ধারিত ছক অনুযায়ী মামলাসমূহের তথ্য প্রেরণ অব্যাহত আছে। নভেম্বর/২০২৩ মাসের বিভাগীয় মামলার বিবরণী :
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>অক্টোবর/২০২৩ মাসের জের</td><td>২০টি</td><td>--</td></tr>
<tr><td>নভেম্বর/২০২৩ মাসে রুজুকৃত বিভাগীয় মামলার সংখ্যা</td><td>০</td><td>--</td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>২০টি</td><td>--</td></tr>
<tr><td>নভেম্বর/২০২৩মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>০৩টি</td><td></td></tr>
<tr><td>মাস শেষে অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</td><td>১৭টি</td><td>--</td></tr>
</table>
৬ মাস বা তদুর্ধ্ব পেন্ডিং মামলার বিবরণ:
<table>
<tr><td>অনুর্ধ্ব ৬ মাস পেন্ডিং মামলা</td><td>০৭টি</td><td>--</td></tr>
<tr><td>অনুর্ধ্ব ১ বছর পেন্ডিং মামলা</td><td>০১টি</td><td>--</td></tr>
<tr><td>অনুর্ধ্ব ২ বছর পেন্ডিং মামলা</td><td>০২টি</td><td>--</td></tr>
<tr><td>২ বছর উর্ধ্বে পেন্ডিং মামলা</td><td>০৭টি</td><td>--</td></tr>
<tr><td>মোট মামলার সংখ্যা</td><td>১৭টি</td><td>--</td></tr>
</table>
খ) বিচার বিভাগীয় মামলাসমূহের আলোকে সৃজিত বিভাগীয় মামলা নিষ্পত্তির জন্য অগ্রাধিকার ভিত্তিতে তালিকা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। একইসাথে মামলা নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন ও বিধি অনুসরণ করা হচ্ছে।</td><td>ক) অনিষ্পন্ন বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) বিচার বিভাগীয় মামলাসমূহের আলোকে সৃজিত বিভাগীয় মামলাসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>(ক, খ, গ) পরিচালক (মানব সম্পদ উন্নয়ন ও সাধারণ প্রশিক্ষণ)</td></tr>
<tr><td>১১.</td><td>অডিট আপত্তি নিষ্পত্তি</td><td>ক) ছক মোতাবেক তথ্য প্রেরণ অব্যাহত আছে। নভেম্বর/২০২৩ মাসের অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন:
<table>
<tr><th>বিবরণ</th><th>সংখ্যা</th><th>টাকা (লক্ষ)</th></tr>
<tr><td>অক্টোবর/২০২৩ মাসের জের</td><td>১১৩১টি</td><td>৩১৮৪০৩০.১০</td></tr>
<tr><td>নভেম্বর/২০২৩ মাসে আগত</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>মোট আপত্তি</td><td>১১৩১টি</td><td>৩১৮৪০৩০.১০</td></tr>
<tr><td>নভেম্বর/২০২৩ মাসে নিষ্পত্তি</td><td>০৩</td><td>১২.৯৭</td></tr>
<tr><td>মাস শেষে অনিষ্পন্ন</td><td>১১২৮টি</td><td>৩১৮৪০১৭.১৩</td></tr>
<tr><td>অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় সভার সংখ্যা</td><td>--</td><td>--</td></tr>
<tr><td>অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভার সংখ্যা</td><td>--</td><td>--</td></tr>
</table>
খ) পরিচালক (অর্থ) জানান, দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে কর্তৃপক্ষের যোগাযোগ অব্যাহত আছে।<br><br>গ) কেন্দ্রীয় অডিট অধিদপ্তরের সাথে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আয়োজন করার নিমিত্ত যোগাযোগ অব্যাহত আছে। ১২টি দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভা আয়োজনের জন্য মন্ত্রণালয়ে কার্যপত্র প্রেরণ করা হয়েছে।</td><td>ক) অডিট আপত্তির বিষয়ে ছক মোতাবেক মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>খ) আপত্তিসমূহ সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>গ) প্রতিমাসে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণসহ সিএজি রিপোর্টভুক্ত অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।</td><td>(ক, খ,গ ও ঘ) সদস্য (অর্থ)/ পরিচালক (অর্থ)/ উপ-পরিচালক (অডিট)</td></tr>
<tr><td>১২.</td><td>আভ্যন্তরীণ অডিট সংক্রান্ত</td><td>উপ-পরিচালক (অডিট) জানান যে, নভেম্বর/২০২৩ মাসে বিভিন্ন বিভাগে অডিট কার্যক্রম সম্পন্ন করা হয়। অডিট রিপোর্ট পর্যবেক্ষন ও তা নিষ্পত্তির লক্ষ্যে বিভিন্ন বিভাগে প্রেরণ করা হয়। এ সংক্রান্ত তথ্যাদি নিম্নরুপ :
<table>
<tr><th>প্রারম্ভিক</th><th>চলতি মাসে নতুন আপত্তি</th><th></th><th>সমাপনী</th><th>জবাব পর্যালোচনাধীন</th></tr>
<tr><td>৩০৯টি</td><td>০৯টি</td><td>০টি</td><td>৩১৮টি</td><td>২২টি</td></tr>
</table></td><td>ঘ) প্রতিমাসে আভ্যন্তরীন অডিট রিপোর্টের আলোকে উত্থাপিত বিষয়গুলো নিষ্পত্তি করনের ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td></td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৩.</td><td>(ক) বিমান এয়ারলাইন্সের নিকট সিএএবি'র বকেয়া পাওনা</td><td>ক) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স-কে বকেয়া পাওনা আদায়ের বিষয়ে পত্র প্রেরণ অব্যাহত রয়েছে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর নিকট সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত বকেয়া রাজস্ব পাওনার পরিমাণ নিম্নরূপ:
<table>
<tr><th>এয়ারলাইন্সের নাম</th><th>জুলাই/২০২৩</th><th></th><th>আগস্ট/২০২৩</th><th></th><th>সেপ্টেম্বর/২০২৩</th><th></th><th>[illegible]</th><th>[illegible]</th></tr>
<tr><th></th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th>বিল টাকা</th><th>পরিশোধ</th><th></th><th></th></tr>
<tr><td>বিমান বাংলাদেশ</td><td>৯৮৯.৫৮</td><td>৮১৭৭.১৪</td><td>৭৪৫১.৮২</td><td>৩৩৯৯.৮৪</td><td>৫৬৪৯.৭২</td><td>৪৬১৩.২৬</td><td>৯৪১৮৫.১৫</td><td>৬১,০৭৮৫.৫৬</td></tr>
</table>
পরিচালক (অর্থ) জানান যে, গত ২৪/১১/২০২৩ তারিখ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সাথে সভা করা হয়েছে। তাদের কাছে পাওনা পরিশোধের জন্য বারবার তাগিদ দেওয়া হচ্ছে। বিমান জানান সিএএবি এর সাথে অসম্পাদিত ১৯টি চুক্তির মধ্যে ১৩টি চুক্তি সম্পন্ন করতে তাদের কোন আপত্তি নেই। কিন্তু বাস্তবিক চুক্তি করতে তারা আগ্রহী নয়। চুক্তি করার জন্য বারংবার অনুরোধ করলেও তারা তা করছে না। সভাপতি জানান যে, এটিএম বিভাগ কর্তৃক বিমানে সাথে বকেয়া চুক্তিসমূহ দ্রুত সম্পাদন করে এর অগ্রগতি জানাতে হবে। বিমান চুক্তি করতে অপারগ হলে এ বিষয়ে মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় আলোচনার জন্য এজেন্ডা আকারে পাঠাতে হবে।<br><br>খ) বিমান Actual Manifest সরবরাহ করে না। তাদের নিকট হতে তথ্য জানতে চাওয়া হলে তারা শুধুমাত্র প্যাসেঞ্জারের সংখ্যা জানায় এবং তারা নিজেদের মতো করে সিএএবিকে এম্বার্কেশন ফি, বিমানবন্দর উন্নয়ন ফি এবং প্যাসেঞ্জার সিকিউরিটি ফি প্রদান করে। তাই এগুলোর সঠিকতা যাচাই করা সম্ভব হয় না। বিমান সঠিক পদ্ধতি অনুসরণ না করায় সিএএবি তার প্রকৃত পাওনা থেকে বঞ্চিত হচ্ছে। বিষয়টি মন্ত্রণালয়ের সমন্বয় সভায় এজেন্ডা আকারে পাঠাতে হবে।<br><br>গ) পরিচালক (অর্থ) জানান, এপ্রিল/২০২৩ ০১(এক) মাস টাকা দেওয়ার পর বিমান আর বকেয়া অর্থ পরিশোধ করছে না। আমদানী ও রপ্তানী কার্গো ইউনিটে কর্তৃপক্ষ ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সাথে সেমিঅটোমেশন সম্পর্কিত চুক্তিপত্রটি ত্রুটি থাকায় সংশোধনের নিমিত্ত একটি খসড়াপত্র প্রস্তুত করে স্বাক্ষরের জন্য বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও তারা কোন চুক্তি স্বাক্ষর বা এ ব্যাপারে কোন রেসপন্স করছে না। সভাপতি জানান যে, উল্লেখিত বিষয় সমূহ বিমানের বোর্ড মিটিং ও মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত বিমানকে পত্র দিতে হবে।</td><td>ক) বিমানের নিকট সিএএবি'র বকেয়া পাওনা আদায়ের বিষয়ে নিয়মিত পত্র প্রেরণ করতে হবে ও নিয়মিত সভা আয়োজন করতে হবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সম্মত হওয়ায় Non-<u>aeronautical ১৩টি চুক্তি সম্পন্ন করে এর অগ্রগতি আগামী সভায় জানাতে হবে।</u> তারা চুক্তি করতে গড়িমসি করলে বিষয়টি মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় আলোচনার জন্য এজেন্ডা আকারে পাঠাতে হবে। লাইসেন্স নবায়নের অর্থ পরিশোধ সাপেক্ষে তাদের গ্রাউন্ড হ্যান্ডেলিং লাইসেন্স নবায়ন করতে হবে।<br><br>খ) প্যাসেঞ্জার কর্তৃক পরিশোধিত বিভিন্ন ফি যথাযথভাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স হতে আদায়ের ব্যবস্থা নিতে হবে এজন্য তাদেরকে Actual Manifest সরবরাহ করার জন্য বলতে হবে। এছাড়া, বিমানের নিকট হতে Payment schedule নিতে হবে, তারা legal procedure মেইনটেইন না করতে বিষয়টি মন্ত্রণালয়কে জানাতে হবে।<br><br>গ) আমদানী ও রপ্তানী কার্গো ইউনিটে কর্তৃপক্ষের সাথে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সম্পাদিত সেমিঅটোমেশন চুক্তিপত্র সংশোধনে বিমান আগ্রহ দেখাচ্ছে না বিধায় বিষয়গুলো বিমানের বোর্ড মিটিং ও মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত বিমানকে পত্র দিতে হবে। বিমান কে দেওয়া পত্রের অনুলিপি মন্ত্রণালয়েও দিতে হবে। ।</td><td>(ক) সদস্য (অর্থ)/সদস্য (এফএসআর)/ পরিচালক(অর্থ)/ উপ-পরিচালক (এটিএম)/ বিমানবন্দর ব্যবস্থাপক (সকল)<br><br>(খ) সদস্য(এটিএম)/ পরিচালক(অর্থ)/ পরিচালক(এটি)<br><br>(গ) সদস্য (পরিঃ ও পরিঃ)/ নির্বাহী পরিচালক (হশাআবি)/ পরিচালক (এটিএম)/ পরিচালক (অর্থ)</td></tr>
</table>

৬৭

<table>
<tr><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>কার্যক্রম উপস্থাপন।</td><td>
<table>
<tr><th>ঘটনার ধরন/প্রকৃতি</th><th>তারিখ ও সময়</th><th>বিবরণ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>বৈদেশিক মুদ্রা উদ্ধার</td><td>০৪ নভেম্বর ২৩ ইং ০০১৫ ঘটিকা</td><td>বহির্গামী যাত্রীর ব্যাগ স্ক্যানিংকালে ব্যাগের ভিতর থেকে সুকৌশলে লুকায়িত অবস্থায় ৩৫,০০০ (পঁয়ত্রিশ হাজার) কানাডিয়ান ডলার জব্দ করা হয়।</td><td>অভিযুক্ত ব্যক্তিকে বৈদেশিক মুদ্রাসহ কাস্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td>ঘুষ প্রতিরোধ</td><td>১৮ নভেম্বর ২৩ ইং ০০৩০ ঘটিকা</td><td>কাতার এয়ারওয়েজের বহির্গামী যাত্রীর ব্যাগের অতিরিক্ত ওজন কমিয়ে আনার বিনিময়ে এমজিএ হেল্প সার্ভিসের সদস্য ১০০০ টাকা ও ৪০ মার্কিং ডলার উৎকোচ গ্রহণ করেন।</td><td>অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণ করা হয়।</td></tr>
<tr><td rowspan="2">স্বর্ণ অলংকার উদ্ধার</td><td>১২ নভেম্বর ২৩ ইং ০২৩৭ ঘটিকা</td><td>আগমনী যাত্রী কর্তৃক কাতার এয়ারওয়েজ এর সাপোর্ট স্টাফের সহযোগীতায় ০২টি স্বর্ণবার উদ্ধার।</td><td>অভিযুক্ত ব্যক্তিকে কাস্টমস কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।</td></tr>
<tr><td>১২ নভেম্বর ২৩ ইং ০২৩৭ ঘটিকা</td><td>কাতার এয়ারওয়েজ এর সাপোর্ট স্টাফ কর্তৃক আগমনী যাত্রীকে স্বর্ণ চোরাচালানীতে সহযোগীতা করার সময় এভসেক-৫ কর্তৃক হাতেনাতে ধরা পড়েন।</td><td>অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণ করা হয়।</td></tr>
<tr><td>মাদক দ্রব্য চোরাচালান</td><td>২৯ নভেম্বর ২৩ ইং ১৮০০ ঘটিকা</td><td>ই/এম হেল্পার কর্তৃক নিজ শরীরে সুকৌশলে লুকিয়ে ০২ বোতল বিদেশী মদ পাচার করার উদ্দেশ্যে বিমানবন্দরের বহির্গমন টার্মিনালের ইমিগ্রেশন স্টাফ গেইট দিয়ে বাহির হওয়ার সময়ে হাতেনাতে আটক হন।</td><td>অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ ম্যাজিস্ট্রেট এর নিকট প্রেরণ করা হয়।</td></tr>
</table>
</td><td>প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>বিবিধ-খ<br>বিমান কর্তৃক বেবিচক এর জমি ব্যবহার</td><td>ক) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক বিভিন্ন বিমানবন্দরে কতটুকু জায়গা ব্যবহৃত হয় সেটির সার্ভে কাজ সম্পাদনপূর্বক রিপোর্ট জমা দেয়া হয়েছে। রিপোর্টে দেখা যায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স অতিরিক্ত জায়গা ব্যবহার করছে। হশাআবি'র যৌথ সার্ভে রিপোর্টে ৪টি আপত্তিসহ বিমানের প্রতিনিধি স্বাক্ষর করেন। সিএএবি'র জায়গাসহ বেবিচকে'র পাওনাদির ২০টি বিষয়ে তারা একমত পোষণ করেন এবং ৪টি বিষয়ে তারা দ্বিমত পোষণ করেন। যেসকল বিষয়ে একমত পোষণ করেছে সে সব বিষয়ে বিমানের সাথে চুক্তি স্বাক্ষরে বিমান এখন অনাগ্রহ দেখাচ্ছে।</td><td>ক) বিমান কর্তৃক অনুমোদিত ভাবে ব্যবহৃত ও অতিরিক্ত দখলকৃত জায়গা ও বকেয়া পাওনা উদ্ধারের নিমিত্ত উভয় সংস্থার মধ্যে সভা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>(ক) সদস্য (প্রশাসন)/ সদস্য(পরিঃ/পরিঃ)প্র</td></tr>
<tr><td></td><td>খ) বিমান কর্তৃক অননুমোদিত ভাবে ব্যবহৃত সিএএবি'র জায়গা উদ্ধারের নিমিত্ত (ঈর্ষাল কলোনীর পার্শ্বে হাজী ক্যাম্প সংলগ্ন স্থানে) সিএএ ভবন নির্মাণের কাজ দ্রুত শুরু করার জন্য সভাপতি পুনঃ নির্দেশনা প্রদান করেন। উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা) জানান যে, আগামী ১৯/১২/২০২৩ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিষয়ে মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় এ বিষয়টি সহ সিএএবি এর পাওনা-দেনা ইত্যাদি সকল কিছু নিয়ে আলোচনা হবে।</td><td>খ) বিমান কর্তৃক অবৈধভাবে ব্যবহৃত ঈর্ষাল কলোনী ও হাজী ক্যাম্প সংলগ্ন স্থানে সিএ একাডেমী ভবন নির্মাণের দৃশ্যমান কার্যক্রম দ্রুত শুরু করতে হবে।</td><td>খ) প্রধান প্রকৌশলী</td></tr>
<tr><td></td><td>গ) পরিচালক (প্রশাসন) জানান যে, হজ ক্যাম্পের কাছে RAB এর নতুন ভবন প্রস্তুত হলেও তারা যাচ্ছে না। প্রধান প্রকৌশলী জানান, মাষ্টার প্লান অনুযায়ী রাস্তার কাজ শুরু হলে RAB কাজ করতে বাধা দিবে না। ঠিকাদারকে ওয়াক অর্ডার দেওয়া হয়েছে। কিছুদিনের মধ্যে টেন্ডার প্রক্রিয়া শেষে রাস্তার কাজ শুরু করা হবে। বিগত সভায় আলোচনা হয় যে, উত্তরা ক্লাব সংলগ্ন সিএএবি বাউন্ডারী ছিদ্র করে যে পকেট গেইট করা হয়েছে তা বন্ধ করে দিতে হবে। সকল পকেট গেইট বন্ধ করে শুধুমাত্র সদর দপ্তরের সম্মুখের গেইট ব্যাবহার করার জন্য তাদের বলতে হবে। প্রকৌশলী বিভাগ আগামী সমন্বয় সভায় এর আপডেট জানাবে।</td><td>গ) RAB থেকে জায়গা উদ্ধারের ব্যবস্থা নিতে হবে। ৩য় টার্মিনালের পরিপূর্ণ নকশা অনুযায়ী রাস্তার কাজ বাস্তবায়নের নিমিত্ত ছাপড়া মসজিদ স্থানান্তরের ব্যবস্থা নিতে হবে। উত্তরা ক্লাব সংলগ্ন সিএএবির বাউন্ডারীর পকেট গেইট বন্ধ করতে হবে।</td><td>গ) প্রধান প্রকৌশলী/ সদস্য (নিরাপত্তা/ উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)</td></tr>
<tr><td>বিবিধ- গ<br>অকেজো বিমান অপসারণ</td><td>নির্বাহী পরিচালক (হশাআবি) জানান যে, আলোচ্য উড়োজাহাজ সমূহ উড্ডয়নের উপযোগী কিনা তা যাচাই শেষে তালিকা প্রস্তুত করে বাংলাদেশ ব্যাংকে চিঠি দেওয়া হয়েছে। নিলাম বিজ্ঞপ্তি জারিসহ সকল কার্যক্রম নির্ধারিত সময় অর্থাৎ আগামী বছর ফেব্রুয়ারি/২০২৪ এর মধ্যে সম্পন্ন হবে মর্মে আশা করা যায়।</td><td>উড়োজাহাজ সমূহ দ্রুততম সময়ের মধ্যে নিলামের কার্য সম্পাদন করতে হবে।</td><td>সদস্য (পরিঃ ও পরিঃ)/সদস্য (এফএসআর)/ নির্বাহী পরিচালক (হশাআবি)/পরিচালক (এইএলডি)</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>বিবিধ-ঘ<br>প্রশাসনিক মন্ত্রণালয়ের পেন্ডিং চিঠিপত্র সংক্রান্ত।</td><td>প্রশাসনিক মন্ত্রণালয় হতে প্রাপ্ত পেন্ডিং পত্রসমূহের জবাব ক্রমান্বয়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। এছাড়া, মন্ত্রণালয়ে বেবিচকের যে সকল পেন্ডিং ইস্যু রয়েছে সেগুলো সংগ্রহপূর্বক এর অগ্রগতির বিষয়ে মন্ত্রণালয়ের সমন্বয় সভায় উপস্থাপন করা হয়ে থাকে।</td><td>সিএএবি হতে প্রেরিত প্রশাসনিক মন্ত্রণালয়ে যে সকল পত্রের জবাব দীর্ঘদিন পাওয়া যায়নি তার তালিকা তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td>সকল দপ্তর প্রধান</td></tr>
<tr><td></td><td>বিবিধ-ঙ<br>ICAO-USOAP CMA Audit যথাযথভাবে সম্পন্ন করণ সংক্রান্ত</td><td>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th></th><th>কার্যার্থে</th><th>মেয়াদ</th></tr>
<tr><td>০১।</td><td>সকল বিমানবন্দরের নিম্নোক্ত ডকুমেন্ট হালনাগাদকরণ-<br>a) Aerodrome Manual<br>b) AEP<br>c) SMS<br>d) Maintenance Manual</td><td>M(OPS)<br>M(ATM)</td><td>ED(HSIA)<br>D(SAIA)<br>D(OIA)<br>APM (All)</td><td>১৫ জানুয়ারি ২০২৪</td></tr>
<tr><td></td><td>সকল বিমানবন্দরের নিম্নোক্ত ডকুমেন্ট সংগ্রহ- Master Plan + Basic Design + As Built Drawing of AGL</td><td>CE</td><td>Engineeri Division</td><td>৩১ ডিসেম্বর ২০২৪</td></tr>
<tr><td></td><td>কনসালটেন্ট কর্তৃক PQ সম্পর্কিত বিভিন্ন Document, Guidance Material Update</td><td>M(FSR)</td><td>D(AS)</td><td>৫ মাস</td></tr>
<tr><td></td><td>সকল বিমানবন্দরের ইমার্জেন্সী সার্ভিস তথা ফায়ার ক্যাটাগরি অনুযায়ী গাড়ি, প্রয়োজনীয় গ্রিড ম্যাপ, প্রশিক্ষিত জনবল, এক্সটিংগুইশিং এজেন্টস, ফোম, পানির সরবরাহ ও যথাযথ ফায়ার এক্সারসাইজ নিশ্চিতকরণ</td><td>M(OPS)</td><td>D(Fire)</td><td>১৫ জানুয়ারি ২০২৪</td></tr>
<tr><td>০২।</td><td>সিএনএস যন্ত্রপাতি ক্যালিব্রেশনের হালনাগাদকৃত তথ্য</td><td>M(ATM)</td><td>ED(CEMS<br>D(CNS)</td><td>পাওয়া গেছে</td></tr>
<tr><td>০৩।</td><td>জনবল- আসন্ন অডিট মোকাবেলা করতে বিভিন্ন ডকুমেন্ট প্রস্তুত করার জন্য<br>a) ন্যূনতম ৫ জন কনসালটেন্ট নিয়োগ<br>b) অর্গানোগ্রামে বর্ণিত AGA শাখায় প্রয়োজনীয় জনবল পদায়ন</td><td>M(Admin)</td><td>D(Admin</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
<tr><td>০৪।</td><td>অফিস ইকুইপমেন্ট ক্রয়</td><td>M(OPS)</td><td>ED(CEMS</td><td>১৫ জানুয়ারি ২০২৪</td></tr>
<tr><td>০৫।</td><td>অফিস ফার্নিচার</td><td>CE</td><td>Engineerin Division</td><td>১৫ জানুয়ারি ২০২৪</td></tr>
<tr><td>০৬।</td><td>ইন্সপেক্টরস বেসিক ট্রেনিং</td><td>M(OPS)</td><td>D(CATC)</td><td>জরুরী ভিত্তিতে</td></tr>
<tr><td>০৭।</td><td>টয়লেট মেরামত</td><td>CE</td><td>Engineering Division</td><td>১৫ জানুয়ারি ২০২৪</td></tr>
</table>
</td><td>আসন্ন ICAO-USOAP CMA Audit মোকাবেলার জন্য ছ'কে বর্ণিত কার্যাবলি দপ্তরসমূহকে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। এছাড়া, ডকুমেন্ট সমূহ সংশ্লিষ্ট দপ্তর নির্ধারিত সময়ে মধ্যে M(FSR) বরাবরে প্রেরণ করবেন।</td><td>সদস্য সকল/প্রধান প্রকৌশলী/নির্বাহী পরিচালক(হশাআবি) /নির্বাহী পরিচালক (সেমস্)/পরিচালক (সকল)</td></tr>
<tr><td></td><td colspan="4">প্রশাসনিক মন্ত্রণালয়ের সমন্বয় সভার আলোচ্য বিষয়সমূহ</td></tr>
<tr><td></td><td>ক) কোভিড-১৯, ডেঙ্গু পরিস্থিতি ও বিমানবন্দরে মশক নিধন সংক্রান্ত</td><td>ক.১) কোভিড-১৯ ও ডেঙ্গু প্রতিরোধে সরকারি নির্দেশনা বাস্তবায়নে কর্তৃপক্ষ সচেষ্ট আছে। এছাড়া, সিএএবি সদর দপ্তর, বিমানবন্দর এলাকা ও কর্তৃপক্ষের আবাসিক এলাকা সমূহে বিভিন্ন উপায়ে নিয়মিত মশা নিধন কার্যক্রম অব্যাহত আছে।<br>ক.২) বার্ড স্ট্রাইক প্রতিরোধে নতুন প্রবিধানমালার আওতায় বার্ড শুটার নিয়োগ দেওয়া হয়েছে। পুরাতন বন্দুকের লাইসেন্স বাতিল করে নতুন বন্দুক ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এছাড়া, বার্ড স্ট্রাইক প্রতিরোধে দীর্ঘ মেয়াদী পরিকল্পনার অংশ হিসাবে একটি গবেষণামূলক প্রজেক্ট চলমান। তাদের গবেষণালব্ধ পরামর্শমতে বার্ড স্ট্রাইক প্রতিরোধে আমাদের জন্য সর্বোত্ত উপযোগী ব্যবস্থা গ্রহণ করা হবে।</td><td>ক.১) কোভিড-১৯ ও ডেঙ্গু প্রতিরোধে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ক.২) বার্ড স্ট্রাইক প্রতিরোধে জরুরিভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>(ক১-৪) সদস্য (পরিঃ ও পরিঃ)/সদস্য (প্রশাসন)/ নির্বাহী পরিচালক (হশাআবি/ সেমস্)/ পরিচালক<br>(প্রশাসন)</td></tr>
<tr><td>১।</td><td>AT Management Software সফট ওয়্যার ক্রয় সংক্রান্ত</td><td>খ) Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software ক্রয়ে প্রাপ্ত EOI পুনরায় যাচাই বাছাই এর নিমিত্ত নতুন করে মূল্যায়ন কমিটি গঠন করা হয়। মূল্যায়ন কমিটি কর্তৃক ১১/০৯/২৩খ্রিঃ তারিখ ১ম সভা অনুষ্ঠিত হয়। মূল্যায়ন কমিটির পরামর্শক্রমে অধিকতর যাচাই বাছাইয়ের জন্য টেকনিক্যাল সাব কমিটি গঠন করা হয়। টেকনিক্যাল সাব কমিটি কর্তৃক রিপোর্ট পাওয়া গেছে। খুব শিঘ্রই পুনরায় মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, পূর্ববর্তী ঠিকাদার প্রতিষ্ঠান ASL সিস্টেম লিঃ এর চুক্তির মেয়াদশেষ</td><td>খ) Design, Development and Deployment of AT (Air Transportation) Management Software ক্রয়ের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কার্যক্রম বুঝে নেওয়ার জন্য একটি কমিটি গঠন করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক (সেমস্)</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>হওয়ার পরও নতুন ঠিকাদার নিয়োগের পূর্ব পর্যন্ত তাদের দিয়ে কাজ চালিয়ে নেওয়া হচ্ছে। এ ব্যাপারে সদস্য (পরিঃ/পরিঃ)-এর নেতৃত্বে একটি Take over কমিটি গঠন করে তাদের থেকে কার্যক্রম বুঝে নিতে হবে। চুক্তির মেয়াদ শেষ হওয়ায় ASL সিস্টেম লিঃ কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে চলমান মামলার কার্যকারিতা নেই মর্মে কর্তৃপক্ষের আইন বিভাগ কর্তৃক জানানো হয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>২।</td><td>ইজারার বকেয়া অর্থ আদায় সংক্রান্ত</td><td>I) ইজারার বকেয়া অর্থ আদায়ের বিষয়ে বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করা হচ্ছে এবং তাগিদপত্র দেওয়া হচ্ছে।<br><br>II) প্রশাসন সম্পত্তি শাখা, এটিএম ও হশাআবি কর্তৃক সিএএবি এর বিভিন্ন সম্পত্তি ইজারা দিয়ে থাকে। মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় প্রতি মাসের ইজারার আপডেট তথ্য উপস্থাপন করতে হয়। তাই সংশ্লিষ্ট ইউনিট/বিমানবন্দর কে প্রতি মাসে ইজারার আপডেট তথ্য নিম্নোক্ত ছক মোতাবেক মাসের শুরুতে আবশ্যিকভাবে সদর দপ্তরে প্রেরণের জন্য বিগত মাসিক সমন্বয় সভায় বলা হয়েছে। সে মোতাকে সংশ্লিষ্ট ইউনিটগুলো ইজারার তথ্য সমূহ প্রশাসন বিভাগে প্রেরণ করে। যা একত্রিত করে মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়ে থাকে।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ইজারা স্থানের বিবরণ</th><th>পরিমাপ (বর্গফুট)</th><th>প্রতিষ্ঠান/ ইজারাগ্রহিতা</th><th colspan="2">ইজারার মেয়াদকাল</th><th>ইজারামূল্য (বার্ষিক)</th><th>বকেয়ার পরিমাণ</th><th>পরবর্তী নবায়ন হয়েছে কিনা</th><th>মন্তব্য</th></tr>
<tr><th></th><th></th><th></th><th></th><th>হতে</th><th>পর্যন্ত</th><th></th><th></th><th></th><th></th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>I) ইজারার বকেয়া অর্থ আদায়ের বিষয়ে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ অব্যাহত রাখাসহ তাগিদপত্র প্রদান করতে হবে।<br><br>II) প্রতিমাসের শুরুতে (১ থেকে ৩ তারিখের মধ্যে) ছক মোতাবেক ইজারার তথ্য প্রশাসন সম্পত্তি শাখায় প্রেরণ করতে হবে।</td><td>I) সদস্য (প্রশাসন)/পরিচালক (প্রশাসন)/ উপ-পরিচালক (এটিএম)<br><br>II) সদস্য (প্রশাসন)/ নির্বাহী পরিচালক (হশাআবি)/ পরিচালক (এটিএম)/ উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)।</td></tr>
<tr><td>৩।</td><td>ড্রোন নিবন্ধন ও উড্ডয়ন (সংশোধন) নীতিমালা, ২০২৩ প্রণয়ন</td><td>চ) খসড়া বিধিমালা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</td><td>চ) ড্রোন নিবন্ধন ও উড্ডয়ন (সংশোধন) নীতিমালার খসড়া চূড়ান্তকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (এফএসআর)</td></tr>
<tr><td>৪।</td><td>বিমান বাংলাদেশ এয়ারলাইন্স</td><td>ঙ.১) বিমানবন্দরসমূহে গ্রাউন্ড হ্যান্ডলিং ও কার্গো ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বেবিচক ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড যৌথভাবে বিশেষ কার্যক্রম গ্রহণ করবে ও মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br><br>ঙ.৩) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর কার্যক্রম অব্যাহত রাখার জন্য দ্রুততম সময়ের মধ্যে লাইসেন্স গ্রহণ করতে হবে।</td><td>ঙ.১) বিমানবন্দরসমূহে গ্রাউন্ড হ্যান্ডলিং ও কার্গো ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বেবিচক ও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড যৌথভাবে বিশেষ কার্যক্রম গ্রহণ করবে ও মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।<br>ঙ.৩) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর কার্যক্রম অব্যাহত রাখার জন্য দ্রুততম সময়ের মধ্যে লাইসেন্স গ্রহণ করতে হবে।</td><td>সদস্য (এফএসআর)</td></tr>
<tr><td>৫।</td><td>"জাতীয় বেসামরিক বিমান চলাচল নীতি" প্রণয়ন</td><td>গ) "জাতীয় বেসামরিক বিমান চলাচল নীতি"-এর খসড়া প্রণয়ন কার্যক্রমের উপর পর্যবেক্ষণ অনুযায়ী বিভিন্ন বিভাগের মতামত গ্রহণ পূর্বক প্রয়োজনীয় সংশোধন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম প্রক্রিয়াধীন।</td><td>গ) 'জাতীয় বেসামরিক বিমান চলাচল নীতি'-এর খসড়া প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।</td><td>সদস্য (এফএসআর)</td></tr>
<tr><td>৬।</td><td>সংস্থাসমূহের বেদখলকৃত জমি সংক্রান্ত</td><td>ক) বিগত সমন্বয় সভায় যশোর বিমানবন্দরের বিষয় আলোচনা হয়। যশোর বিমান বন্দরের সমুদয় ভূমি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন, যশোর সেনানিবাসের নামে রেকর্ডভুক্ত হওয়ায় আইকাও এর নিয়ম অনুযায়ী তা সিএএবি এর নামে আনয়ন আবশ্যক। বর্ণিত বিষয়ে রেকর্ড সংশোধনের জন্য যশোর বিমানবন্দরের স্থানীয় প্যানেল আইনজীবি এর মাধ্যমে দেওয়ানী আদালতে স্বত্ব মামলা রুজু করার কার্যক্রম চলমান।<br>খ) হশাআবি এলাকায় RAB এর দখলে থাকা বরাদ্দের অতিরিক্ত জমি ছেড়ে দেওয়ার জন্য একাধিকবার সভা করা হয় ও গত ০৭-০৮-২০২৩ তারিখ RAB এর মহাপরিচালক এর বরাবর সর্বশেষ পত্র দেওয়া</td><td>ক) সকল সংস্থা কর্তৃক বেদখলকৃত জমির তথ্য প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) সকল সংস্থায় জমি দখল/প্রাপ্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>সদস্য(পরি/পরি) /উপ-পরিচালক (সম্পত্তি)</td></tr>
</table>

| | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | হয়েছে। নকশা অনুযায়ী উক্ত স্থানে বেবিচকের তৃতীয় টার্মিনালের ওয়ার হাউজ নির্মাণ করা হবে। বিকল্প জায়গা হিসাবে তাদেরকে হজ্জ ক্যাম্পের পাশে সিএএবি কর্তৃক নতুন জায়গা দেওয়া হয়েছে। সেখানে বিশাল স্থাপনাও নির্মাণ করেছে। তার পরও পূর্বের ব্যবহৃত জমি RAB ছাড়ছে না বিধায় বিমানবন্দর সম্প্রসারণে বাধাগ্রস্থ হচ্ছে। একই ভাবে বিমানকে দেওয়া আশকোনার জায়গার লিজ এর মেয়াদ অনেক আগেই শেষ হয়েছে। কিন্তু বিভিন্ন অজুহাতে বিমান তা ছাড়ছে না। কর্তৃপক্ষের প্রয়োজনে উভয় জায়গা জরুরীভিত্তিতে দখলমুক্ত হওয়া আবশ্যক। | | |
| ৭। | বিমানবন্দর নির্মাণের লক্ষ্যে পায়রা বন্দর নগরী ও কুয়াকাটা, পটুয়াখালীতে প্রস্তাবিত জায়গা বরাদ্দ নেওয়া সংক্রান্ত | ক) পায়রা বন্দর নগরী এলাকায় বিমানবন্দর নির্মানের বিষয়ে কমিটি কর্তৃক ১৮-০৭-২০২৩ তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের আলোকে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে ২২-০৮-২০২৩ তারিখে কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনা শেষে আরও তথ্য-উপাত্ত সংগ্রহের নিমিত্ত বিমানবন্দরের স্থান চিহ্নিতকরণের লক্ষ্যে পুনযায় সরেজমিনে পরিদর্শন করে চূড়ান্ত রিপোর্ট প্রস্তুত করা হবে এবং এর প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে মর্মে কমিটির আহ্বায়ক ও পরিচালক (প্রশাসন), বেবিচক জানান। | ক) কমিটি দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

০২. পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ইংরেজী নববর্ষের অগ্রিম শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি,বিএসপি,বিইউপি,এনডিইউ,এএফডব্লিউসি,পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.১৫.০০৭.২১- ৪৯৫৭

তারিখঃ৩ ০১/২০২৪খ্রিঃ।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

০১. সদস্য ................................................ (সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৩. নির্বাহী পরিচালক, সেমসু, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৪. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
০৫. পরিচালক ......................................................................(সকল), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
০৬. পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৭. পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ সহ)।
০৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
০৯. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১০. উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা/অডিট/গণসংযোগ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১১. চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১২. সহকারি পরিচাল (আইন),সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৩. সহকারি প্রোগ্রামার, আইটি বিভাগ, রাডার এন্ড নেভিগেশনাল (সদর দপ্তর) শাখা, সিএএবি,কুর্মিটোলা, ঢাকা।
১৪ বিমানবন্দর ব্যবস্থাপক..........................................(সকল)।

মোঃ জহিরুল ইসলাম
পরিচালক (প্রশাসন)
সিএএবি, সদর দপ্তর, ঢাকা।
ফোন-৮৯০১৪১২